বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

বাংলাদেশ ব্যাংক ওয়েবসাইটঃ www.bangladeshbank.org.bd

সার্কুলার পত্র নং-এফইপিডি(এএন্ডএনএফবিপি)/১১১/২০১৩-৪৯০

তারিখঃ বৈশাখ, ১৭, ১৪২০ / এপ্রিল ৩০, ২০১৩

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল
অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস,

প্রিয় মহোদয়,

**বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত বিশেষ ফরেন কারেন্সি হিসাবসমূহের লেনদেন বাংলাদেশ ব্যাংকের সফটওয়্যার "Special Foreign Currency Account Monitoring System (SFCAMS)"এ ভুক্তি প্রদান প্রসঙ্গে।**

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন (ভলিউম-১) এর অধ্যায়-১৩ এ বর্নিত নির্দেশনা মোতাবেক বাংলাদেশে কার্যরত তফসিলী ব্যাংকসমূহের বৈদেশিক মুদ্রা লেনদেনের অনুমোদিত ডিলার শাখাসমূহ কে বৈদেশিক মুদ্রা হিসাব খোলার সাধারণ প্রাধিকার জ্ঞাপিত রয়েছে। তবে বিশেষ প্রয়োজনে উপরোক্ত নির্দেশনা ব্যতীত শর্তসাপেক্ষে বৈদেশিক মুদ্রা হিসাব খোলার বিষয়ে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ হতে অনুমোদিত ডিলার শাখাসমূহকে অনুমোদন দেয়া হয়ে থাকে।

০২। এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, সকল তফসিলী ব্যাংকের অনুমোদিত ডিলার শাখাসমূহকে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক অনুমোদিত বৈদেশিক মুদ্রা হিসাবসমূহের তথ্যাবলী বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রনয়নকৃত সফ্টওয়্যার **"Special Foreign Currency Account Monitoring System (SFCAMS)"** এর ছক অনুযায়ী এফসি হিসাবের দৈনন্দিন লেনদেনের ভুক্তি প্রদান করতে হবে। উপরোক্ত সফ্টওয়্যারটির ব্যবহার সর্ম্পকিত নির্দেশনা নিম্নরূপঃ

ক. উক্ত **SFCAMS** সফ্টওয়্যারে শুধুমাত্র বৈদেশিক মুদ্রার অনুমোদিত ডিলার শাখাসমূহ ব্যবহার করতে পারবে;

খ. বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট **www.bb.org.bd→Services→E-Services→SFCAMS** থেকে উক্ত সফ্টওয়্যারে **Log in** করতে হবে;

গ. উক্ত সফ্টওয়্যারে **Log in** করার জন্য বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ হতে নির্দিষ্ট **User ID** ও **Password** সংগ্রহ করতে হবে;

ঘ. উক্ত সফ্টওয়্যার ব্যবহার করে প্রতিটি লেনদেনের শেষে সংশ্লিষ্ট কার্যদিবসের লেনদেনের ভুক্তি প্রদান করতে হবে;

ঙ. আগামী ০৫ মে,২০১৩ তারিখ হতে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ অনুমোদিত সকল বৈদেশিক মুদ্রা হিসাবের ভুক্তি প্রদান শুরু করতে হবে;

চ.সফ্টওয়্যার সর্ম্পকিত আরো তথ্য জানার প্রয়োজন হলে **rejaul.karim@bb.org.bd** এ যোগাযোগ করা যেতে পারে।

উল্লেখ্য, বৈদেশিক মুদ্রা হিসাবসমূহের লেনদেনের বিবরণী যথারীতি ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট এ দাখিল অব্যাহত রাখতে হবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য পরামর্শ দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ জাকির হোসেন চৌধুরী)
উপ-মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০২৫০